

গ) শিশু শিক্ষা নিরাপত্তা বীমা

এটি ক্ষুদ্র বীমার একটি পরিকল্পনা। নিম্ন আয়ের মানুষ যাতে তাদের সন্তানদের শিক্ষার ব্যয় মেটানোর জন্য অন্যের উপর নির্ভর করতে না হয় সেজন্য ন্যাশনাল লাইফ এ পরিকল্পনাটি চালু করেছে। বিশেষতঃ দরিদ্র জনগোষ্ঠী স্বল্প প্রিমিয়ামে বীমাটি গ্রহণ করে বিশেষভাবে উপকৃত হতে পারেন।

এই বীমার বৈশিষ্ট্যসমূহ :

- ❖ শিশুর প্রিমিয়াম দাতার (বাবা) বয়স : সর্বনিম্ন ২১ বছর ও সর্বোচ্চ ৪০ বছর
- ❖ শিশুর সর্বনিম্ন প্রবেশকালীন বয়স : ৬ মাস
- ❖ শিশুর সর্বোচ্চ প্রবেশকালীন বয়স : ১৮ বছর
- ❖ শিশুর প্রিমিয়াম দাতার (বাবা) সর্বোচ্চ মেয়াদ পূর্তিকালীন বয়স : ৬০ বছর
- ❖ শিশুর সর্বোচ্চ মেয়াদ পূর্তিকালীন বয়স : ৩০ বছর
- ❖ সর্বনিম্ন বীমা অংক : ৬ হাজার টাকা
- ❖ সর্বোচ্চ বীমা অংক : ৫০ হাজার টাকা
- ❖ বীমার মেয়াদ : ১০, ১৫ ও ২০ বছর
- ❖ প্রিমিয়াম প্রদানের পদ্ধতি : মাসিক
- ❖ সহযোগী বীমা : এ বীমার সাথে অতিরিক্ত বীমা (Supplementary) হিসেবে সহযোগী বীমা নেয়া যাবে না।

এই বীমার সুবিধাসমূহ :

- ১। প্রিমিয়াম দাতা বেঁচে থাকলে মেয়াদ পূর্তিতে প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য ২০ টাকা হারে নিশ্চিত লাভসহ বীমাকৃত অর্থ দেয়া হয় কিংবা প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য মাসিক ২০ টাকা হারে শিক্ষা ভাতা দেয়া হয়।
- ২। ক) প্রিমিয়াম দাতার মৃত্যুতে প্রিমিয়াম মওকুফ হয়ে যায়। তখন শিশুকে বীমার মেয়াদ পর্যন্ত মাসিক শিক্ষা ভাতা বাবদ বীমা অংকের প্রতি হাজারে ১০ টাকা হারে দেয়া হয়।
খ) মেয়াদান্তে ৫ বৎসর পর্যন্ত উচ্চ শিক্ষা ভাতা বাবদ প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য মাসিক ২০ টাকা হারে দেয়া হয়, কিংবা মেয়াদ পূর্তিতে বীমা অংক দেয়া হয়।
- ৩। বীমাকৃত সন্তানের মৃত্যু হলে বীমাটি অন্য কোন সন্তানের নামে অথবা নিজের নামে চালু রাখা যায়।
- ৪। এ বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।

শিশুর শিক্ষা নিরাপত্তা পরিকল্পনা

মাসিক প্রিমিয়াম সারণী

বীমার মেয়াদ : ১০, ১৫ ও ২০ বছর

গ্রাহকের বয়স ৪ বীমার শুরুতে সর্বোচ্চ ৪০ বৎসর।

পরিকল্পনা নং ২০২

বীমা অংক (টাকায়)	বীমার মেয়াদ ১০ বৎসর প্রিমিয়াম (টাকা)	বীমার মেয়াদ ১৫ বৎসর প্রিমিয়াম (টাকা)	বীমার মেয়াদ ২০ বৎসর প্রিমিয়াম (টাকা)
৬০০০	৬০	৩৯	৩০
৮,০০০	৮০	৫২	৪০
১০,০০০	১০০	৬৫	৫০
১৫,০০০	১৫০	৯৮	৭৫
২০,০০০	২০০	১৩০	১০০
২৫,০০০	২৫০	১৬৩	১২৫
৩০,০০০	৩০০	১৯৫	১৫০
৩৫,০০০	৩৫০	২২৮	১৭৫
৪০,০০০	৪০০	২৬০	২০০
৪৫,০০০	৪৫০	২৯৩	২২৫
৫০,০০০	৫০০	৩২৫	২৫০